Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

**পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ**

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সম্ভব কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৭শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৯শে ভাদ্র বুধবার ১৩৬৭ ইংরাজী 14th Sept. 1960 { ১৭শ সংখ্যা




ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Sarcar

মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত

জিনিষ যদি চান তা হ'লে

আরতির

## "রাণী রাসমণি"

**শাড়ী ও ধুতি কিনুন।**

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

**আরতি কটন মিলস্ লিঃ**

দাশনগর, হাওড়া।

হাতে কাটা

**বিশুদ্ধ পৈতা**

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৯শে ভাদ্র বুধবার সন ১৩৬৭ সাল।

## সান্ত্বনা

—•—

লোকের এমন দিন আসে, যে স্বজন বিয়োগ-জনিত শোক ভুলিতে পারে না। দীর্ঘকাল পরে হয়তো সংসার নশ্বর জ্ঞান হইলে তবে প্রবোধ মানে। পরের দুঃখ পরে বোঝে না, এইজন্য কথা আছে—

যার ব্যথা সেই জানে,
জানে কি পরে।

জগদ্বিখ্যাত নাট্যকার সেক্সপিয়ার বলেছেন—

World is a stage. জগৎ একটী নাট্যশালা। জীব মাত্রেই নট। কিন্তু বলেন নাই—এটি ষ্টেজ কিন্তু এর প্রোগ্রাম নাই, প্রমপ্‌টার নাই। বিনা রিহার্স্যালে অভিনয় করতে হয়। বাঙালী নাট্য-কার রচিত একটি গান দিলাম—তাহাতে অনেক বিরহী সান্ত্বনা পাইবেন আশা করি—

গান

"এ মায়া প্রপঞ্চময় ভবের রঙ্গমঞ্চ মাঝে।
রঙ্গের নট নটবর হরি যারে যা সাজান সেই তা সাজে।
কর্ম্মক্ষেত্রে, জীবমাত্রে, কর্ম্মসূত্রে সবে গাঁথা,
কেহ পুত্র, কেহ মিত্র, কেহ ভার্য্যা, কেহ ভ্রাতা,
কেহ সেজে এসেছেন পিতা, কেহ স্নেহময়ী মাতা,
কত রঙ্গের অভিনেতা যাচ্ছেন আসছেন কত সাজে।
মাতৃসাজে সেজেছ মা করতে স্নেহের অভিনয়,
কর্ম্মক্ষেত্রে কর্ম্মসূত্রে আমি তোর সেজেছি তনয়।
এই নাট্যের এই অঙ্কে স্থান পেয়েছি তোর অঙ্কে
হয়তো যাব পর অঙ্কে পর অঙ্কের পুত্র সেজে।
যার যখন হ'তেছে সাঙ্গ রঙ্গালয়ের অভিনয়,
কাকস্য পরিবেদনা তখন সে আর কারো নয়,
কোথা রয় প্রেয়সীর প্রণয়, পুত্র কন্যার কাতর বিনয়,
মানে না কারো অনুনয়, চলে যায় সাজ সজ্জা ত্যজে।
না হইলে কর্ম্ম শেষ কত যাব কত আসিব
সং সেজে সংসার নাট্যে কত কাঁদিব কত হাসিব
অহিভূষণ বলে—কবে নাশিব এই অশিব
যোগাসনে কবে বসিব, মিশিব হরি-পদ-রজে।"

———

## রঘুনাথগঞ্জ তরকারীর বাজারে ফড়িয়াদের উৎপাত

রঘুনাথগঞ্জ তরকারীর বাজারে পূর্ব্বে ২।৩ জন ফড়িয়া আলু, কচু, আদা প্রভৃতি বিক্রয় করিত। বর্ত্তমানে ইহাদের সংখ্যা ১৬।১৭ জনে দাঁড়াইয়াছে। বাজারে যে কয়খানি চালাঘর আছে সেগুলি ইহারাই দখল করিয়া এখন আলু, পটল, মুলা, বেগুন, শাক প্রভৃতি সমস্ত সব্জী বিক্রয় করিতেছে। গ্রামাঞ্চলের উৎপাদকেরা তাহাদের উৎপন্ন সব্জী বাজারে আনিবামাত্র গৃহস্থগণ কিনিবার পূর্ব্বে এই সব ফড়িয়াগণ তাড়াহুড়া করিয়া সমস্ত কিনিয়া লইয়া যথেচ্ছা দরে বিক্রয় করে। ইহাদের উৎপাতে সাধারণ গৃহস্থের নিত্যপ্রয়োজনীয় তরকারী কেনা কঠিন হইয়াছে। ইহারা উৎপন্ন করে না, স্থানান্তর হইতে আমদানী করে না, শুধু বাজারে বসিয়া অযথা মুনাফা খায়। অট্টালিকাবাসী ধনী হইতে আরম্ভ করিয়া কুটিরবাসী দরিদ্র পর্য্যন্ত প্রত্যহ চড়া দরে তরকারী কিনিতে বাধ্য হইতেছে। এই বিষয়ে আশু প্রতিকারের জন্য আমরা আমাদের মহকুমা-শাসক মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

———

## যষ্টি-মধু

॥ সু—মো—দে ॥

কৃতজ্ঞতা—

আসামে বন্যায় দান মহত্ব বাঙলার
আসামী স্বীকৃতি দেয় মাধ্যমে ছোরার।
বাঙালী শেখালো কৃষ্টি, সভ্যতা, কথন
দুরাত্মা আসামী করে বাঙালী নিধন।

রামরাজ্য—

গণতন্ত্রী রামরাজে সুন্দর তুলনা
বাঙালী নিধন যত আসামে সূচনা।
ভাষণে কর্ত্তব্য শেষ অহিংসা বিচায়
পঞ্চশূলী অবতার বৈষ্ণবী মার্জ্জার।

———

## পরলোকে শ্রীফিরোজ গান্ধী

—•—

লোকসভার বিশিষ্ট সদস্য শ্রীফিরোজ গান্ধী পরলোক গমন করায় ভারতের একজন খ্যাতিমান, নির্ভীক এবং সুদক্ষ পার্লামেন্টারিয়ানের জীবনাবসান হইল। তাঁহার মৃত্যু যেমন আকস্মিক তেমনি অকালে, মাত্র ৪৮ বৎসর বয়সে তাঁহাকে ইহলোক হইতে মহাপ্রস্থান করিতে হইয়াছে। নির্ভীকতা এবং স্পষ্টবাদিতার জন্য কংগ্রেসে এবং কংগ্রেসী সদস্য হিসাবে তিনি বিশিষ্ট স্থান অর্জ্জন করিয়া-ছিলেন নিজের যোগ্যতা দ্বারা, অনাচারের বিরুদ্ধে তাঁহার অকুণ্ঠ ও বলিষ্ঠ অভিযানের দ্বারা। তিনি ভারতের প্রধান মন্ত্রীর জামাতা, ইন্দিরা গান্ধীর স্বামী। কিন্তু তিনি নিজের প্রতিভা দ্বারা এই পরিচয়ের বহু উর্দ্ধে উঠিয়াছিলেন এবং হইয়া উঠিয়া-ছিলেন একজন স্বনামধন্য পুরুষ। শাসক দলের সদস্য হইয়াও তাঁহার কর্ত্তব্যনিষ্ঠা দলের উর্দ্ধেই তাঁহাকে প্রতিষ্ঠিত করিয়াছিল, একথা বলিলে ভুল হয় না। শাসন পরিচালন ব্যাপারে যেখানেই কোন ত্রুটী-বিচ্যুতি ঘটুক, তাহার প্রতিকারের জন্য তিনি চেষ্টার ত্রুটী করিতেন না। তথ্য সংগ্রহের ব্যাপারেও তাঁহার অনন্যসাধারণ দক্ষতা ছিল। লোকসভায় এই সকল তথ্য প্রকাশের ফলে শুধু দেশব্যাপী চাঞ্চল্যই সৃষ্টি হয় নাই, সরকারকে প্রতিকারের জন্য ব্যবস্থাও গ্রহণ করিতে হইয়াছে।

বীমা ব্যবসায় রাষ্ট্রায়ত্তকরণের ইতিহাস আলোচনা করিলে উহার মূলে দেখা যাইবে শ্রীফিরোজ গান্ধী কর্ত্তৃক লোকসভায় ইন্সিওরেন্স এবং রামকৃষ্ণ ডালমিয়ার কতকগুলি প্রতিষ্ঠান সম্পর্কে চাঞ্চল্যকর তথ্য প্রকাশ। ইহারই ফলে ভিভিয়ান বোস তদন্ত কমিটি গঠিত হয়। বীমা ব্যবসা রাষ্ট্রায়ত্তকরণ উহারই ফল। হরিদাস মুন্দ্রার

সহিত জীবন বীমা কর্পোরেশনের আর্থিক লেনদেনের চাঞ্চল্যকর তথ্য শ্রীফিরোজ গান্ধী লোকসভায় উদ্‌ঘাটন করেন। তাহার ফলে শুধু তদন্ত কমিশনেরই ব্যবস্থা হয় নাই, তদানীন্তন অর্থ-মন্ত্রী শ্রী টি, টি, কৃষ্ণমাচারীকে বিদায় গ্রহণ করিতে হয়। কয়েক বৎসর পূর্ব্বে উত্তর রেলওয়েতে যখন হঠাৎ ধর্ম্মঘট আরম্ভ হয়, তখন তাঁহারই চেষ্টার ফলে মীমাংসা হইয়াছিল। সাম্প্রতিক কেন্দ্রীয় সরকারের কর্ম্মচারীদের ধর্ম্মঘট নিরোধের জন্যও তিনি অক্লান্ত-ভাবে চেষ্টা করিয়াছিলেন। কিন্তু সফল হইতে পারেন নাই। শেষে অবশ্য তাঁহার ফরমুলা অনুসারেই ধর্ম্মঘট প্রত্যাহৃত হয়। লোকসভায় অধিবেশনের প্রকৃত বিবরণ প্রকাশের জন্য ভারতীয় সংবাদপত্রকে যাহাতে আদালতে অভিযুক্ত না হইতে হয়, তাহার জন্য তিনি একটি বিল উত্থাপন করেন এবং উহা লোকসভায় গৃহীত হয়।

লোকসভায় তাঁহার বক্তৃতা ছিল তথ্যবহুল। দুর্নীতি দমনের বহু ব্যাপারে তিনি উদ্যোগী ছিলেন। তাঁহার নিজের গুণেই তিনি পার্লামেন্টের সকল সদস্যের প্রীতিভাজন হইয়াছিলেন। তাঁহার বক্তৃতা সকলেই আগ্রহের সহিত শ্রবণ করিতেন। তাঁহার অকালমৃত্যুতে যে স্থান শূন্য হইল, তাহা কোন দিন পূরণ হইবে কি না সন্দেহ। আমরা তাঁহার পরলোকগত আত্মার শান্তি কামনা করিতেছি।

---

## অভিশাপ

হৃদয় আমার কাঁদেরে আজিকে,
আসামের শোকে কাঁদেরে—হৃদয় কাঁদেরে।
কত ধরণে নিরীহ জীবন
পিশাচের মত করেছে নিধন,
নিঠুর পরাণে মত্ত উল্লাসে আসামে কাদের
খ্যাদেরে।
হৃদয় আমার কাঁদেরে আজিকে,
আসামের শোকে কাঁদেরে॥
কত নরনারী গুমরি গুমরি কাঁদিছে,
নগরে নগরে,—কাঁদিছে নগরে।
ধেয়ে চলে আসে, গৃহহারা কারা,
স্বজন বিয়োগে কেঁদে কেঁদে সারা,
সভয়ে কাঁপিছে কাতর মানব,
অসমীয়া গুণ্ডার ডরে রে
দুরু দুরু বুকে গুমরি গুমরি কাঁদিছে
নগরে নগরে॥

নয়ন আমার সজল হলরে, তপ্ত অশ্রু ঝরিছে,
অশ্রুর ধারা ঝরিছে।

সর্ব্বহারাদের ঘন শোক ছায়ে—
হরষ আমার দিয়েছে মুছায়ে,
নিপীড়িত জন দুঃখে আজি, ব্যথায় হৃদয় ভরিছে।
নয়ন আমার সজল হলরে, তপ্ত অশ্রু ঝরিছে॥

ওগো, প্রাসাদ হইতে কুটির অবধি কে দিয়েছে
অগ্নি ছড়ায়ে—আগুন ছড়ায়ে?
ওগো, প্রাদেশিকতার এ ছুরিকাখানি,
বুকের উপর কে দিয়াছে হানি;
শান্তির সুখ নীড় হতে ওগো কে দিয়েছে
সবে তাড়ায়ে?
ওগো, প্রাসাদ হইতে কুটির অবধি কে দিয়েছে
অগ্নি ছড়ায়ে?
ওগো, আকুল পরাণে মোদের দ্বারে কে আজি
রয়েছে দাঁড়ায়ে,—রয়েছে দাঁড়ায়ে।
অসমবাসী কারে দিয়েছে গঞ্জনা,
সহেছে কে গো শতেক লাঞ্ছনা?
বাস্তু গৃহ ছাড়ি, কে চাহে আশ্রয়,
সব সম্পদ হারায়ে?
ওগো, আকুল পরাণে মোদের দ্বারে কে আজি
রয়েছে দাঁড়ায়ে?

হৃদয় আমার কাঁদেরে আজিকে,
আসামের দু'খে কাঁদেরে,—হৃদয় কাঁদেরে।
কত গৃহদাহ, কত রক্তপাত,
কত নিপীড়ন, কত যে আঘাত,
কত নারী নির্য্যাতনে, আকাশ বাতাস ভরিল
নিন্দাবাদেরে,
হৃদয় আমার কাঁদেরে আজিকে,
আসামের দু'খে কাঁদেরে॥

অনুগায়ক—বঙ্গবাসী

---

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নিলামের দিন ২৪শে অক্টোবর ১৯৬০

১৯৫৭ সালের ডিক্রীজারী

৪ মনি ডিঃ সরোজমোহন মজুমদার দেং সুধাংশুভূষণ মজুমদার দাবি ৫৪৪ টাকা ৮৯ নঃ পঃ থানা সুতি মৌজে জগতাই ১নং লাট ৯০ ডেঃ জমির কাত ৮।২ মধ্যে ২।/০ গৃহাদি সমেত আঃ ২০০৲ খং ৩৪৬ ২নং লাট মৌজাদি ঐ ৮৬ ডেঃ জমির কাত ৬।৵১০ মধ্যে ২।৵০ আঃ ৫০৲ খং ৩৪৪ ৩নং লাট থানা সমসেরগঞ্জ মৌজে রাধানগর ৩-৪৩ ডেঃ জমা ১০৸৩ মধ্যে ৩৸০ আঃ ১০০৲ খং ৬১২ ৪নং লাট থানা সুতি মৌজে জগতাই ৬৮ শতকের কাত ৬৲ দেন্দারের ½ অংশ আঃ ১০০৲ খং ৩৯৭ ৫নং লাট মৌজাদি ঐ ১-৪৯ ডেঃ জমা ৫৲ দেন্দারের ১/৫ অংশ আঃ ৩০৲ ৬নং লাট থানা রঘুনাথগঞ্জ মৌজে ছোটকালিয়াই ১৪৫ ডেঃ জমা ৪৲ দেন্দারের ১/৪ অংশ আঃ ২০৲ খং ৭৪

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নিলামের দিন ১৪ই নভেম্বর ১৯৬০

১৯৬০ সালের ডিক্রীজারী

৫৯ মনি ডিঃ রাজকুমার পাল দিং দেং বলরাম সরকার দাবি ১১৪ টাকা ৩১ নঃ পঃ থানা সুতি মৌজে ইচলিপাড়া ৪ শতকের কাত ৯৲৯ পাই তন্মধ্যে দেন্দারের ২ শতক জমি হারাহারি জমা ৪।৲৪। পাই আঃ ২৫৲ খং ৩০০৩

## জঙ্গিপুর এস, ডি, ও, আদালত

### নিলামের দিন ২৪শে অক্টোবর ১৯৬০

১৯৬০ সালের ডিক্রীজারী

৭ ভাগচাষ জারী ডিঃ দিগম্বর চট্টোপাধ্যায় দেং রতিকান্ত মণ্ডল দাবি ৩০৭ টাকা ৪৮ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে সিমলা ১০৭ শতকের কাত ১/১০ আঃ ৫০৲ খং ২৬০ রায়ত স্থিতিবান স্বত্ব ২নং লাট মৌজাদি ঐ ৯৩ শতকের কাত ৬৸০ আঃ ৪০৲ খং ৩৪৫ ঐ স্বত্ব ৩নং লাট মৌজাদি ঐ ১০ শতকের কাত ৵০ আঃ ৫৲ খং ৮৬০ ঐ স্বত্ব ৪নং লাট মৌজাদি ঐ ৭৩ শতকের কাত ৪।৶৭ আঃ ৩০৲ খং ২৬১ ঐ স্বত্ব ৫নং লাট মৌজাদি ঐ ৩৭ শতকের কাত ১।/৮ আঃ ১০৲ খং ১৫৫ ঐ স্বত্ব

---




## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ন"  টেলিফোন : বড়বাজার ৪১৯

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার [illegible]

সর্ব্বদা সুলভ মূল্যে [illegible]

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে [illegible] ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—




আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৹ টাকা ও মাশুলাদি ১৶৹ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

## শ্রীঅরুণ

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার

পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

ফটো তোলা, ফটো ওয়াশ, প্রিণ্ট ও এন্‌লার্জ করা, সিনেমা স্লাইড তৈরী প্রভৃতি যাবতীয় কাজ এবং নানাপ্রকার ছবি ও সূচীকার্য্য সুন্দররূপে বাঁধান হয়।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।